

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৩৯৩

খোয়াই, ২৭ সেপ্টেম্বর, ২০২৪

খোয়াই জেলাভিত্তিক পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ন্তী

খোয়াই জেলাভিত্তিক পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ন্তী গতকাল খোয়াই টাউন হলে অনুষ্ঠিত হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সহকারি সভাপতি সত্যেন্দ্র চন্দ্র দাস, খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবশিস নাথশর্মা, খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিংস্কু ভট্টাচার্য, সমাজসেবী সুব্রত মজুমদার, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক বিশ্বজিৎ বণিক প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। অনুষ্ঠানের উদ্বোধন করে বিধায়ক পিনাকী দাস চৌধুরী বলেন, কুসংস্কার মুক্ত সমাজ গঠনে ও নারী শিক্ষা প্রসারে পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান ছিল অপরিমিত। অনুষ্ঠানে এলাকার ৩ জন বিশিষ্ট নাগরিককে সংবর্ধনা দেওয়া হয়। তাছাড়াও অনুষ্ঠিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান।

\*\*\*\*\*